


**কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি বিপণন অধিদপ্তরের 'সহকারী প্রোগ্রামার' (৯ম গ্রেড) পদের মৌখিক পরীক্ষার সময়সূচি।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

## বিজ্ঞপ্তি

স্মারক নম্বর : ৮০.০০.০০০০.১০৮.১১.০৩৮.১৮ (অংশ-২.১)-৪৭২

তারিখ : ২১ অগ্রহায়ণ, ১৪৩০ / ০৬ ডিসেম্বর, ২০২৩

**বিষয় : কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি বিপণন অধিদপ্তরের 'সহকারী প্রোগ্রামার' (৯ম গ্রেড) পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচি।**

কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি বিপণন অধিদপ্তরের 'সহকারী প্রোগ্রামার' (৯ম গ্রেড) পদের কম্পিউটার প্রোগ্রামিং স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ নিম্নে উল্লিখিত রেজিস্ট্রেশন নম্বরধারী সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে :

| পদের নাম ও গ্রেড | বিজ্ঞপ্তির নম্বর ও তারিখ | মৌখিক পরীক্ষার তারিখ ও সময় | সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ও সংখ্যা |
|---|---|---|---|
| **'সহকারী প্রোগ্রামার' (৯ম গ্রেড)** | **বিজ্ঞপ্তির নম্বর-১৫ ০৪.০৬.২০২০** | **১৯.১২.২০২৩ রোজ-মঙ্গলবার সকাল-১০:০০ মিনিট** | **000004, 000040, 000076, 000107, 000137, 000171, 000176, 000200, 000206, 000227, 000236, 000247, 000271, 000279, 200010 = ১৫ জন।** |

যোগ্য প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার দিন পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০২. **মৌখিক পরীক্ষার বোর্ডে শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদ, প্রবেশপত্র, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদ, অভিজ্ঞতার সনদপত্রসহ প্রয়োজনীয় সকল সনদ এবং চাকুরিরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত ছাড়পত্রের মূল কপি দাখিল করতে হবে। উল্লিখিত সনদ/কাগজপত্রের মূল কপি ছাড়া মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।**

০৩. অধিকন্তু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদেরকে মূল আবেদনপত্র অর্থাৎ BPSC Form 5A (Applicant's Copy) কমিশনের ওয়েব সাইট থেকে ডাউনলোড করে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদির **০১ সেট মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে :**

ক. BPSC Form 5A (Applicant's Copy) ০২ (দুই) কপি;

খ. পরীক্ষার প্রবেশপত্রের ০২ (দুই) কপি;

গ. সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি;

ঘ. শিক্ষাগত যোগ্যতা প্রমানের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদ (স্নাতকোত্তর/স্নাতক/বিএসসি/এইচএসসি/ডিপ্লোমা বা সমমানের মূল বা সাময়িক সনদ) এর সত্যায়িত ফটোকপি। মূল সনদের ফটোকপি প্রদানে অপারগ হলে সাময়িক সনদের ফটোকপি গৃহীত হবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় বা সর্বশেষ পরীক্ষার মার্কশিট প্রাথমিকভাবে গ্রহণযোগ্য হবে তবে সাক্ষাৎকার বোর্ডে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে। চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/মার্কশিট/টেস্টিমোনিয়াল -এ যদি অর্জিত ডিগ্রির মেয়াদ ৪ বৎসর সুস্পষ্ট উল্লেখ না থাকে সেক্ষেত্রে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্টার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাদের অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে;

ঙ. বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি; ''ও'' লেভেল এবং ''এ'' লেভেল উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ। **বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;**

চ. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ছ. আবেদনকারী প্রার্থীর স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সিটি করপোরেশন/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

জ. ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি;

ঝ. জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত ফটোকপি। জাতীয় পরিচয়পত্র হারিয়ে গেলে তা পুনঃ প্রাপ্তির জন্য যথাযথ পদ্ধতি অনুসরণ করে দাখিলকৃত প্রয়োজনীয় ডকুমেন্টস ও কাগজপত্র;

ঞ. নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি;

ট. সরকারি/স্বায়ত্তশায়িত/আধাস্বায়ত্তশায়িত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদেরকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত ফটোকপি;

ঠ. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সর্বশেষ সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধার বয়সের প্রমাণক/ডকুমেন্টস (প্রযোজ্য ক্ষেত্রে);

ড. প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারিকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে); এবং

ঢ. প্রয়োজনীয় অভিজ্ঞতার সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

০৪. **প্রত্যেক সত্যায়িত ডকুমেন্টের উপর অবশ্যই প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে। উল্লিখিত সনদ/ডকুমেন্ট দাখিল করতে ব্যর্থ হলে কোনো প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেয়া হবে না।**

০৫. মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ/ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।

০৬. প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো সময় উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

০৭. কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েব সাইট http://bpsc.teletalk.com.bd থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

০৮. প্রার্থীদের সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি আবশ্যিকভাবে অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে এবং প্রার্থীদেরকে অবশ্যই মাস্ক পরিহিত অবস্থায় মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৯. বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।

১৬.১২.২০২০

[আব্দুল্লাহ আল মামুন]
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
ফোন : ৫৫০০৬৬৫৫
ই-মেইল : e_ncc@bpsc.gov.bd